

## কৃষিতত্ত্ব বিভাগ, বিটিআরআই

### ভিশন

তুলনামূলক কম খরচে উন্নত কৃষিতাত্ত্বিক কৌশল ব্যবহারের মাধ্যমে বাংলাদেশের চা এর উৎপাদন বৃদ্ধি করা।

### মিশন

গাছের স্বাস্থ্য সংরক্ষণ করে ফলন সর্বোচ্চ কাজিত পর্যায়ে উন্নীতকরণ করতে নতুন নতুন কৃষিতাত্ত্বিক প্রযুক্তি উদ্ভাবন এবং প্রচলিত কৃষিতাত্ত্বিক পদ্ধতির উন্নতীকরণ।

### কার্যাবলী

কৃষিতত্ত্ব হল মাঠ ফসল উৎপাদনের কলাকৌশল উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে খামার ও উৎপাদন ব্যবস্থাপনা।

বিটিআরআই এর কৃষিতত্ত্ব বিভাগের মূল কার্যক্রমগুলি নিম্নরূপ-


- I. কৃষিতাত্ত্বিক গবেষণা কার্যক্রম তথা মাঠ পরীক্ষণের মাধ্যমে প্রচলিত পরিচার্যিক পদ্ধতি যেমন, চা চারা রোপন, প্রণিৎ, টিপিৎ, প্লাকিং, ছায়া গাছ ব্যবস্থাপনা, খরা ব্যবস্থাপনা, গ্রাফটিং ইত্যাদি উন্নততর করণ।
- II. চা বাগানে চা উৎপাদন সংশ্লিষ্ট কোন সমস্যা দেখা দিলে সে সমস্যা সমাধানে সরেজমিন পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় উপদেশ প্রদান।
- III. চা উৎপাদন সংশ্লিষ্ট উদ্ভাবিত নতুন প্রযুক্তি জনপ্রিয় করণের জন্য অঞ্চল ভিত্তিক প্রদর্শনী প্লট স্থাপন।
- IV. চা চাষ সংশ্লিষ্ট বিজ্ঞানসম্মত সর্বশেষ ধারণাগুলো ওয়ার্কশপ, সেমিনার এবং বার্ষিক কোর্স আয়োজনের মাধ্যমে বিস্তারের ব্যবস্থা করা।
- V. বিটিআরআই খামারের সামগ্রিক তত্ত্বাবধানসহ মাঠে অন্যান্য ডিভিশনের পরীক্ষণের কাজে প্রয়োজনীয় শ্রমিক দিয়ে সাহায্য ও সহযোগিতাকরণ।

### চলমান গবেষণা কার্যক্রম

০১. বর্তমান পরিবর্তিত জলবায়ুর পরিপ্রেক্ষিতে চায়ের অধিক ও টেকসই ফলনের জন্য একটি নতুন প্রণিৎ সাইকেল উদ্ভাবন।
০২. চা'র ফলনের উপর বিভিন্ন প্রকার পাতা চয়ন পদ্ধতির প্রভাব।
০৩. নার্সারিতে চা চারা সহজে ও কার্যকরভাবে ট্রান্সপ্লান্টিং করার জন্য একটি টুল উদ্ভাবন।
০৪. চা চারা রোপনের সময় বিভিন্ন প্রকার কম্পোষ্ট প্রয়োগের প্রভাব সম্পর্কিত।
০৫. ইউরিয়া, পটাশ ও ফসফেট জাতীয় রাসায়নিক সার চা গাছের পাতায় প্রয়োগের প্রভাব সম্পর্কিত।
০৬. প্রণিৎ যান্ত্রিকীকরণ এবং চায়ের ফলনের উপর এর প্রভাব।
০৭. গ্রাফটিং কৌশল প্রয়োগের মাধ্যমে নার্সারিতে কম্পোজিট চা চারা তৈরী যাতে চা গাছের ফলন এবং খরা সহিষ্ণুতা বৃদ্ধি পায়।

## কৃষিতত্ত্ব বিভাগের অর্জনসমূহ

- > চা গাছের স্বাস্থ্য সংরক্ষণ করে দীর্ঘ মেয়াদী ফসল আহরনের জন্য চার (৪) বছর ব্যাপী গ্রুপিং সাইকেল নির্ধারণ করা হয়েছে।
- > গাছের স্বাস্থ্য ঠিক রেখে কাজিত মাত্রায় ফসল আহরন পদ্ধতি উদ্ভাবন করা হয়েছে।
- > চারা রোপন পদ্ধতি, প্রতি হেক্টরে উপযুক্ত চা চারার সংখ্যা, রোপন পূর্ব ও পরবর্তী চা চারার পরিচর্যার মান উন্নয়ন করণ।
- > দ্রুততম সময়ের মধ্যে উপযুক্ত গ্রাফটিং পদ্ধতিতে সাধারণ মাতৃ বৃক্ষকে উন্নত মাতৃবৃক্ষে পরিবর্তন পদ্ধতি উদ্ভাবন।



## ভবিষ্যৎ পরিকল্পনা

পরিবর্তিত বিশ্ব জলবায়ুর কারণে উদ্ভূত খরার প্রকোপ থেকে চা এর আবাদ রক্ষার জন্য দীর্ঘ ও স্বল্প মেয়াদী লাকসই প্রযুক্তি উদ্ভাবন।

## কৃষিতত্ত্ব বিভাগের জনবল

ক. রিসার্চ পার্সোনেল	অনুমোদিত পোস্ট	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও)	১	১	-
২। উর্ভতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও)	২	১	১
৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)	২	২	-
খ. সাপোর্ট সার্ভিস			
১। ফার্ম সুপারভাইজার (এফ এস)	১	১	-
২। উর্ভতন মাঠ সহকারী (এসএফএ)	১	-	১
৩। মাঠ সহকারী (এফ এ)	১	১	-

৪। গবেষণাগার সহায়ক (এল এইচ)	১	১	-
৫। অফিস সহায়ক (এমএলএসএস)	১	১	-